

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪২

আগরতলা, ৪ জুন, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪  
রাজ্যের দুটি সংসদীয় ক্ষেত্রেই বিজেপি প্রার্থীগণ জয়ী

লোকসভা নির্বাচনে রাজ্যের দুটি সংসদীয় ক্ষেত্রের নির্বাচনে বিজেপি প্রার্থীগণ জয়ী হয়েছেন। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব এবং ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ তাদের নিকটতম প্রার্থীদের পরাজিত করেছেন। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ভারতীয় জাতীয় কংগ্রেসের আশিস কুমার সাহাকে ৬ লক্ষ ১১ হাজার ৫৭৮ ভোটে পরাজিত করেছেন। বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব পেয়েছেন ৮ লক্ষ ৮১ হাজার ৩৪১ ভোট। ভারতীয় জাতীয় কংগ্রেসের আশিস কুমার সাহা পেয়েছেন ২ লক্ষ ৬৯ হাজার ৭৬৩ ভোট।

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সিপিআই(এম)-এর প্রার্থী রাজেন্দ্র রিয়াংকে ৪ লক্ষ ৮৬ হাজার ৮১৯ ভোটে পরাজিত করেছেন। বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ পেয়েছেন ৭ লক্ষ ৭৭ হাজার ৪৪৭ ভোট। সিপিআই(এম) প্রার্থী রাজেন্দ্র রিয়াং পেয়েছেন ২ লক্ষ ৯০ হাজার ৬২৮ ভোট। মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*